

# প্রথম আলো

## পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য

নিজস্ব প্রতিবেদক

০৭ মার্চ ২০১৮, ১২:৫৫

আপডেট : ০৭ মার্চ ২০১৮, ১২:৫৯



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও প্রকৌশল বিভাগের অধ্যাপক এম রোক্ষম ত মাসেরও বেশি সময় শূন্য থাকার পর আজ বুধবার উপাচার্য নিয়োগ দেন বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ।

আজ এ বিষয়ে প্রজাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। নতুন উপাচার্যের মেয়াদ হবে চার বছর। তবে আচার্য চাইলে এর আগেই এই নিয়োগ বাতিল করতে পারবেন। প্রজ্ঞ হয়েছে, বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে উপাচার্যকে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে থাকতে হবে।

বিদ্যায়ী উপাচার্য আল-নকীর চৌধুরীর মেয়াদ শেষ হয় গত ১ জানুয়ারি। এরপর থেকেই উপাচার্যের পদটি শূন্য ছিল। এ কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজেও কিছু দেয়। [বিদ্যায়ী উপাচার্যের সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা নিয়োগ, ভর্তিসহ বিভিন্ন ক্ষেত্রে নানা অনিয়মের অভিযোগ](#) নিয়ে গণমাধ্যমে একাধিক প্রতিবেদন প্রকাশিত অভিযোগ ছিল পছন্দের প্রার্থীকে শিক্ষক করতে প্রথমে একটি নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী (অ্যাডহক) ও খঙ্কালীন নিয়োগ দেওয়া হয়, পরে 'রফ' করে তাঁদের স্থায়ী ক বিদ্যায়ী উপাচার্য এসব অনিয়ম অব্যাকার করতেন।

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো এক গোপন প্রতিবেদনেও বিদ্যায়ী উপাচার্যের আমলে বিশ্ববিদ্যালয়ের নানা অনিয়মের চিত্র উঠে আসে। প্রধানমন্ত্রীর : প্রতিবেদনে বলা হয়েছিল, শিক্ষার্থীরা যদি অনিয়ম ও দুর্নীতির পরিবেশে শিক্ষাজীবন শেষ করেন, তবে তাঁরা কর্মক্ষেত্রে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারবেন না।

© স্বত্ত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মার্কিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাডেনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : [info@prothom-alo.info](mailto:info@prothom-alo.info)

